` গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ
বিনিয়োগ ভবন (৮ম, ৯ম ও ১০ম তলা)
ই-৬/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.beza.gov.bd

বিনিয়োগ অগ্রাধিকার

স্মারক নং: ০৩.০৭.০০০০.০১৩.১১.২৫৯.২০২৩ (অংশ-৪)- ৫৪০

তারিখ: ২২ মাঘ ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ-এর সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে https://beza.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে) | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রকৌশলী (গ্রেড-৯) টা: ২২,০০০-৫৩,০৬০/- | ০৫টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশল বা তড়িৎকৌশলে স্নাতক ডিগ্রি। |
| ০২ | হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) টা: ২২,০০০-৫৩,০৬০/- | ০৬টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | আইন কর্মকর্তা (গ্রেড-৯) টা: ২২,০০০-৫৩,০৬০/- | ০১টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা আইন বিষয়ে অন্যূন ২য় শ্রেণির বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) সহ ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা আইন বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি এবং কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী (গ্রেড-১০) টা: ১৬,০০০-৩৮,৬৪০/- | ১৫টি | ৩০ বৎসর | সরকার কর্তৃক অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পুরকৌশল, তড়িৎকৌশল বা অটোমোবাইল কৌশলে ডিপ্লোমা ডিগ্রিসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |

নির্দেশনাবলি:

১. সকল পদের বিপরীতে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ০১ জানুয়ারি ২০২৪ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। সরকার ঘোষিত বিধি অনুসারে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর।
২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;
৩. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;
৪. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করতে বাধ্য থাকবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হতে পারে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;
৭. মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের ০১ সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে:
   (ক) বয়স প্রমাণের জন্য মাধ্যমিক বা সমমান পরীক্ষার সার্টিফিকেট। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
   (খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় ঐ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

(গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের সকল সনদপত্র ও মার্কশিট এবং বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সনদ প্রদান করতে হবে।

(ঘ) চার বছর মেয়াদি স্নাতক/ স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীদের প্রদত্ত সনদ/ মার্কশিট/ টেস্টিমোনিয়ালে যদি ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক/ স্নাতক (সম্মান) উল্লেখ না থাকে তবে অর্জিত ডিগ্রি ০৪ বছর মেয়াদি স্নাতক/স্নাতক (সম্মান) মর্মে বিভাগীয় প্রধান/ পরীক্ষা নিয়ন্ত্রক/ রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায়, অর্জিত ডিগ্রি ০৩ বছর মেয়াদী হিসেবে গণ্য করা হবে;

(ঙ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি;

অথবা

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি;

(চ) শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি;

(ছ) প্রার্থীকে জাতীয় পরিচয় পত্রের কপি এবং জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি;

(ঞ) প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;

৮. আবেদন ফরম পূরণ, জমাদানের নির্দেশনাবলী, অন্যান্য প্রযোজ্য শর্ত ও তথ্যসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর ওয়েবসাইটে (www.beza.gov.bd) পাওয়া যাবে;

৯. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://beza.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৮ ফেব্রুয়ারি ২০২৪, সকাল ১০.০০ ঘটিকা;

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৯ ফেব্রুয়ারি ২০২৪, বিকাল ৫.০০ ঘটিকা;

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে এসএমএস (SMS)-এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না;

iii) অর্থ মন্ত্রণালয়ের ১৭ আগস্ট ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৩৫ (১) নং প্রজ্ঞাপন অনুসারে ক্রমিক নং ১-৩ এ বর্ণিত ৯ম গ্রেডের পদসমূহের জন্য আবেদন ফি ৬০০/- (ছয়শত টাকা) ও টেলিটকের সার্ভিস চার্জ ৬৯/- (উনসত্তর) টাকাসহ মোট ফি ৬৬৯/- এবং ক্রমিক নং ৪ এ বর্ণিত ১০ম গ্রেডের পদের জন্য আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৫৮/- (আটান্ন) টাকা সহ মোট ফি ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (সর্বোচ্চ ০৬ মাস পূর্বের) (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের সুযোগ থাকবে না;

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস (SMS) করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৩ এ বর্ণিত পদসমূহের জন্য ৬০০/- (ছয়শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬৯/- (উনসত্তর) টাকাসহ মোট ফি ৬৬৯/- এবং ক্রমিক নং ৪ এ বর্ণিত ১০ম গ্রেডের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৫৮/- (আটান্ন) টাকা সহ মোট ফি ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা আবেদনপত্র জমাদানের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

**এসএমএস ফরম্যাট:**

প্রথম SMS: BEZA<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

**Example:** ***BEZA ABCDEF***

**Reply:** Application's Name, TK 669 will be charged as application fee. Your PIN is 12345678 To Pay fee Type BEZA<space>Yes<space>PIN and Send to 16222.

দ্বিতীয় SMS: BEZA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: BEZA YES 12345678**

**Reply:** Congratulations Applicant's Name, Payment completed successfully for BEZA Application for Post XXXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://beza.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস (SMS)-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সর্বক্ষণ সচল রাখা, এসএমএস (SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) এসএমএস (SMS)-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন:

i. User ID জানা থাকলে: BEZA<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BEZA Help User ABCDEF লিখে Send করতে হবে 16222 নম্বরে।

ii. PIN Number জানা থাকলে: BEZA<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BEZA Help PIN 12345678 লিখে Send করতে হবে 16222 নম্বরে।

১০. অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে vas.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে।

১১. কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

মোহাম্মদ নাজমুল হাসান
উপসচিব
ব্যবস্থাপক (প্রশাসন), বেজা।
ফোন: ৪৪৮২৬০২১
E-mail:
manager.admin@beza.gov.bd